

## মহাদেশ পাড়ি দিল সৌরশক্তির বিমান

সৌরশক্তিচালিত বিমানে উড়ে আবারও রেকর্ড করলেন সুইস বৈমানিক বার্ট্রান্ড পিকার্ড। সৌরশক্তিচালিত বিমান নিয়ে প্রথমবারের মতো এক মহাদেশ থেকে আরেক মহাদেশে পৌঁছাতে সক্ষম হয়েছেন তিনি।



সৌরশক্তিচালিত বিমান নিয়ে পিকার্ড স্পেনের মাদ্রিদ থেকে বার্ট্রান্ড পিকার্ড যাত্রা করে ১৯ ঘণ্টা পর গত মঙ্গলবার রাতে মরক্কোর রাজধানী রাবাতে অবতরণ করেন। নতুন রেকর্ড সৃষ্টিকারী পিকার্ডের অবতরণ দেখতে তাঁর স্ত্রী, সৌরচালিত এই ফ্লাইটের আয়োজকেরা ও মরক্কোর সংশ্লিষ্ট কর্মকর্তাসহ অনেকেই রাবাতের ওই বিমানবন্দরে উপস্থিত ছিলেন।

১৩ বছর আগে বেলুনে একটানা

বিশ্ব ভ্রমণ করে রেকর্ড করেন পিকার্ড। এবার সৌরশক্তির বিমান চালিয়ে নাম লেখালেন রেকর্ড বুকে।

রাবাতে অবতরণ করার পর পিকার্ড বলেন, 'মাদ্রিদ থেকে রাবাতের পথে জিব্রাল্টার প্রণালি পাড়ি দেওয়ার সময়টুকু ছিল বিশেষ এক মুহূর্ত। বৈমানিক হিসেবে ওই মুহূর্তটি

আমার জীবনে স্মরণীয় হয়ে থাকবে।' তিনি বলেন, 'এই যাত্রাপথে আমার ডান দিকে পূর্ণিমা ও বাম দিকে সূর্যোদয়ের মতো অসাধারণ দৃশ্য দেখেছি।'

পিকার্ডের এই ফ্লাইটের আয়োজকেরা দাবি করেছেন, সৌরশক্তিচালিত বিমান কোনো জ্বালানি ছাড়াই দিন-রাত চলাচল করতে পারবে। এএফপি।